

নং-২১.০০.০০০০.৩৬৪.২২.৯৩৬.১৭-১৩০

তারিখঃ ০৯/০৯/২০১৮ খ্রিঃ

বিষয়ঃ বিদেশী কনসালট্যান্ট নিয়োগের জন্য মতামত প্রদান

সূত্রঃ বিএসইসি-এর স্মারক নং-৩৬.৯৩.০০০০.০৭.০১৯.১৮-৩৮৪; তারিখঃ ০৭/০৮/২০১৮ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সুত্রাধীন স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ (পিপিএ, ২০০৬) এর ধারা-৩৭(ক) এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ (পিপিআর, ২০০৮) এর বিধি-১০৩(৪) অনুযায়ী পরামর্শক প্রতিষ্ঠান নির্বাচনের ক্ষেত্রে গুনগত মান ও ব্যয় ভিত্তিক নির্বাচন পদ্ধতি (QCBS) এবং নির্দিষ্ট বাজেট ভিত্তিক নির্বাচন পদ্ধতি (FBS) অগ্রে বিবেচ্য পদ্ধতি। তবে ক্রয়কারী কার্যালয় প্রধান এর পূর্বানুমোদনক্রমে বিশেষ পরিস্থিতিতে একক উৎসভিত্তিক পরামর্শক নির্বাচন পদ্ধতি (SSS) সহ অন্যান্য ক্রয় পদ্ধতি অনুসরণ করা যায় [পিপিএ, ২০০৬, ধারা-৩৮(১) ও পিপিআর, ২০০৮, বিধি-১০৪]।

০২। প্রস্তাবিত ক্রয় কাজে অভিজ্ঞতা সম্পন্ন কয়েকটি আন্তর্জাতিক প্রতিষ্ঠান রয়েছে মর্মে বিবেচ্য পত্রের সংযুক্তিতে উল্লেখ করা হয়েছে। কারিগরী উৎকর্ষ এবং আর্থিক প্রস্তাবে প্রতিযোগিতার সুযোগ থাকলে এ ক্ষেত্রে পিপিআর, ২০০৮, বিধি-১০৩(৪)(ক) এর সংস্থান অনুযায়ী QCBS পদ্ধতি অনুসরণ করা যেতে পারে। পক্ষান্তরে, বিধি-১০৪(১)(ঘ)(২)(ই) অনুযায়ী বর্ণিত কাজে একটি মাত্র প্রতিষ্ঠান যোগ্যতায় উত্তীর্ণ হলে বা একটি মাত্র প্রতিষ্ঠান হিসেবে বিরল অভিজ্ঞতা থাকলে বিধি-১১০ এর সংস্থান অনুযায়ী একক উৎস ভিত্তিক পরামর্শক (ব্যক্তি বা প্রতিষ্ঠান) (SSS) নির্বাচন পদ্ধতি অনুসরণ করা যায়।

০৩। উল্লেখ্য, বিজ্ঞাপনের মাধ্যমে Expression of Interest (EOI) প্রক্রিয়া অনুসরণ না করে QCBS পদ্ধতিতে পরামর্শক নিয়োগের কোন বিধান সরকারি ক্রয় আইন ও বিধিমালায় (পিপিএ, ২০০৬ ও পিপিআর, ২০০৮) এ নেই।


(মোসাঃ মোসুমী হাবিব)
উপপরিচালক
ফোনঃ ৯১৪৪২৫২-৩/২০৩

চেয়ারম্যান
বাংলাদেশ ইম্পাত ও প্রকৌশল করপোরেশন (বিএসইসি)
বিএসইসি ভবন, ১০২, কাজী নজরুল ইসলাম এভিনিউ
ঢাকা-১২১৫।

অনুলিপি (কার্যার্থে/জ্ঞাতার্থে): জ্যেষ্ঠতার ভিত্তিতে নহেঃ

১. ব্যবস্থাপনা পরিচালক, প্রগতি ইন্ডাস্ট্রিজ লিমিটেড (পিআইএল), চট্টগ্রাম।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, শিল্প মন্ত্রণালয়, ৯১, মতিঝিল বা/এ, ঢাকা।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৪. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সিপিটিইউ, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৫. অফিস কপি।